

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৭১

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (کتاب البیوع)

পরিচ্ছেদঃ ২, যা তোমাকে সন্দেহে ফেলে না, তার প্রতি যা তোমাকে সন্দেহে ফেলে দেয় তা ছেড়ে দাও

باب دَعْ مَا يَرِيبُكَ إِلَى مَا لَا يَرِيبُكَ

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ الزُّبَيْرِ أَبِي عَبْدِ السَّلَامِ عَنْ أَيُّوبَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ مِكْرَزِ الْفِهْرِيِّ عَنْ وَابِصَةَ بْنِ مَعْبَدِ الْأَسَدِيِّ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلْيُهِ وَسَلَّمَ قَالَ لِوَابِصَةَ جَبُّتَ تَسْأَلُ عَنْ الْبِرِّ وَالْإِثْمِ قَالَ قُلْتُ نَعَمْ قَالَ فَجَمَعَ أَصَابِعَهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لِوَابِصَةَ جَبُّتَ تَسْأَلُ عَنْ الْبِرِّ وَالْإِثْمِ قَالَ قُلْتُ نَعَمْ قَالَ فَجَمَعَ أَصَابِعَهُ فَضَرَبَ بِهَا صَدْرَهُ وَقَالَ اسْتَفْتِ نَفْسَكَ اسْتَفْتِ قَلْبَكَ يَا وَابِصَةَ ثَلَاتًا الْبِرُّ مَا الْمَمَّأَنَّتُ إِلَيْهِ الْقَلْبُ وَالْإِثْمُ مَا حَاكَ فِي النَّفْسِ وَتَرَدَّدَ فِي الصَّدْرِ وَإِنْ أَفْتَاكَ النَّفْسِ وَتَرَدَّدَ فِي الصَّدْرِ وَإِنْ أَفْتَاكَ النَّاسُ وَأَفْتَوْكَ

বাংলা

২৫৭১. ওয়াবিসা ইবনু মা'বাদ আল আসাদী রাদ্মিল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ওয়াবিসাকে বলেন, "তুমি আমাকে পাপ ও পুণ্য সম্পর্কে জিজ্ঞেস করতে এসেছ?" তিনি বলেন, হাঁ। তিনি বলেন, তখন তিনি তাঁর আঙ্গুলগুলি মুষ্টিবদ্ধ করে তা দ্বারা তার বুকে আঘাত করে বললেন: "হে ওয়াবিসা! তুমি তোমার নাফসকে জিজ্ঞেস কর, তোমার অন্তরকে জিজ্ঞেস কর।"- একথা তিনি তিনবার বললেন। "তোমার নাফস বা মন যে বিষয়ে প্রশান্তি বা নিশ্ভিতা লাভ করে, তোমার অন্তর যে বিষয়ের প্রতি প্রশান্ত- নিশ্ভিত্ত হয়-তা-ই হলো পূণ্য। আর তোমার মন যে বিষয়ে চিন্তিত হয়, তোমার অন্তরে যা ইতন্তত্বোধ বা দ্বিধা সঞ্চার করে-তা-ই হলো পাপ। লোকেরা যদি তোমাকে কোনো সিদ্ধান্ত দেয়, তবে তুমি তা গ্রহণ করবে।"[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ বিচ্ছিন্নতার কারণে যয়ীফ। যুবাইর আবূ আব্দুস সালাম আইয়ূ্ব হতে শোনেননি। তবে এর শাহিদ রয়েছে কয়েকটি যা একে সহীহ তে রূপান্তরিত করে।

আমি এটি তাখরীজ করেছি মাজমাউয যাওয়াইদ নং ৮২৪, ৮২৫ তে, এবং এখানে সেই ভূল সংশোধন করেছি যা



মুসনাদুল মাউসিলী নং ১৫৮৬ তে আমাদের উপর আপতিত হয়েছিল। সেই মহান সন্তারই সকল প্রশংসা যিনি বিভ্রান্ত হন না, ভূলেও যান না।

এর শাহিদের মধ্যে রয়েছে নাওয়াস বিন সাম'আন হতে মুসলিম, বিরর ওয়াস সুলহ ২৫৫৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ওয়াবিসা বিন মা'বাদ জুহানী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন